# বারিধারা ডিওএইচএস পরিষদ
# ঢাকা সেনানিবাস
# নির্বাহী কমিটির সভার কার্যবিবরণী

১। বারিধারা ডিওএইচএস পরিষদের কার্যনির্বাহী কমিটির ১১ তম সভা ২৫ জুলাই ২০২৬ ইং তারিখ সন্ধ্যা ১৯৩০ ঘটিকায় পরিষদের কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পরিষদের প্রেসিডেন্ট কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)। সভায় নিম্নেবর্ণিত সদস্যগন উপস্থিত ছিলেন ঃ

| | | |
|---|---|---|
| ক। | কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত) | - প্রেসিডেন্ট |
| খ। | কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবসরপ্রাপ্ত) | - ভাইস প্রেসিডেন্ট |
| গ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত) | - সেক্রেটারী |
| ঘ। | কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি (অবসরপ্রাপ্ত) | - জয়েন্ট সেক্রেটারী |
| ঙ। | গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবসরপ্রাপ্ত) | - ট্রেজারার |
| চ। | মেজর জাফরউল্লাহ খান (অবসরপ্রাপ্ত) | - জয়েন্ট ট্রেজারার |
| ছ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অবসরপ্রাপ্ত) | - মেম্বার সিকিউরিটি |
| জ। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবসরপ্রাপ্ত) | - মেম্বার এ্যাডমিন |
| ঝ। | ডাঃ পারভীন হক চৌধুরী | - সদস্য |
| ঞ। | এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবসরপ্রাপ্ত) | - সদস্য |
| ট। | গ্রুপ ক্যাপ্টেন এম রফিকুল হক, পিএসসি (অবসরপ্রাপ্ত) | - সদস্য |
| ঠ। | ক্যাপ্টেন এম ওমর ফারুক (জি), পিএসসি, বিএন (অবসরপ্রাপ্ত) | - সদস্য |
| ড। | লেঃ কর্নেল আব্দুন নুর খান (অবসরপ্রাপ্ত) | - সদস্য |
| ঢ। | ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবসরপ্রাপ্ত) | - সদস্য |
| ণ। | মিসেস সাবরিনা মফিজ | - সদস্য |
| ত। | কর্নেল জয়নুল আবেদীন (অবসরপ্রাপ্ত) | - সদস্য |

২। সভার জন্য প্রয়োজনীয় কোরাম উপস্থিত থাকায় সভাপতির অনুমতিক্রমে সভা শুরু করা হয়। সভার আলোচ্য সূচি ও সিদ্ধান্ত নিম্নরূপ ঃ

| আলোচ্যসূচি ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|---|---|
| **আলোচ্যসূচি- ০১ ঃ পবিত্র কোরআন থেকে অনুবাদসহ তেলাওয়াত**<br>• বারিধারা ডিওএইচএস জামে মসজিদের মুয়াজ্জিন হাফেজ মাওলানা মোঃ আলী উসমান পবিত্র কোরআনের কয়েকটি আয়াত তেলাওয়াত ও তরজমা করেন। তিনি মহান আল্লাহ্‌র নিকট বারিধারা ডিওএইচএস এর সকল বাসিন্দা ও পরিষদ ইসি সদস্যদের সু-স্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করে দোয়া করেন। আজকের সভার আলোচনা ও সিদ্ধান্তগুলি যেন সুষ্ঠুভাবে সম্পন্ন হয় সে ব্যাপারেও আল্লাহ্‌র দরবারে প্রার্থনা করেন। এছাড়া যারা এ পর্যন্ত আমাদের মাঝ থেকে যারা চিরবিদায় নিয়েছেন তাদেরকে স্মরণ করে সর্বশক্তিমান মহান আল্লাহ তা'য়ালার নিকট সকল রুহের মাগফেরাত কামনা করেন। | সেক্রেটারী |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০২ ঃ প্রেসিডেন্ট এর উদ্বোধনী বক্তব্য**<br><br>উদ্বোধনী ভাষণে প্রেসিডেন্ট একজিকিউটিভ কমিটির ১১তম সভায় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় শুরুতে কনফারেন্স রুমের জন্য নতুন মাইক্রোফোন ক্রয়/স্থাপন করার জন্য ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি (অবসরপ্রাপ্ত), এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবসরপ্রাপ্ত) ,কর্নেল জয়নুল আবেদীন (অবসরপ্রাপ্ত) কে ধন্যবাদ জানান। এছাড়াও পরিষদের ত্রৈমাসিক পত্রিকা "The Blaze" প্রকাশনার জন্য তিনি কর্নেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন, পিএইচডি ও উপকমিটির অন্য সদস্যদেরকে ধন্যবাদ জানান। দীর্ঘদিন মেরামতবিহীন ব্যবহার ও কিছুদিন পূর্বে অতিবৃষ্টির কারনে বাস্কেটবল গ্রাউন্ডটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ায় কোর্টটি খেলার উপযোগী করার জন্য জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। এ ব্যাপারে ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি (অবসরপ্রাপ্ত) এবং মেজর মোঃ জাফরউল্লাহ খান (অবসরপ্রাপ্ত) কে দ্রুত ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। তিনি পুকুরের পূর্ব পাশ্বের প্যালাসাইডিং মেরামতের জন্য বরাদ্দকৃত ৯১ লক্ষ টাকার অগ্রগতি সম্পর্কে যোগাযোগ অব্যাহত রাখার জন্য গুরুত্ব আরোপ করেন। এ প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে স্টেশন সদর দপ্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য পত্র লিখতে ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি (অবসরপ্রাপ্ত), মেম্বার এ্যাডমিনকে অনুরোধ জানান। তিনি আরও উল্লেখ করেন আগামী ৯ই সেপ্টেম্বরে সিকিউরিটি ব্যারাকে স্থাপিত বিটিএস টাওয়ার অপসারণের জন্য ইতোমধ্যে স্টেশন সদরদপ্তর কর্তৃক মোবাইল অপারেটরদের অপসারণের পত্র প্রদান করেছেন। অপসারণ কার্যক্রম নিশ্চিত ও টাওয়ার ২টি পূনঃস্তঅপনের ব্যাপারে কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য আইটি সাব-কমিটির কনভেনারকে অনুরোধ জানান। পরিষদের ২য় কনফারেন্স রুমের জন্য প্রতিদিন ৫,০০০/- টাকা ভাড়া নির্ধারিন করার প্রস্তাব করেন এবং মেজর জেনারেল আবু রুশদ রোকন উদ-দৌলা (অবসরপ্রাপ্ত) কর্তৃক ৩০ দিনের জন্য বুকিং করায় প্রতিদিন ৪ হাজার হিসেবে ১,২০,০০০ টাকা নেয়ার ব্যাপারে ইসি সদস্যগণ একমত হন। তিনি পরিষদের ব্যয় সংকোচন ক্রয় প্রক্রিয়ায় সচ্ছতা নিশ্চিত কল্পে দৃষ্টি রাখার জন্য সকল সদস্যদের অনুরোধ জানান। বক্তব্যের শেষে সিদ্ধান্ত বাস্তবায়নে কুকুর বিড়াল নিয়ে স্বল্প সংখ্যক বাসিন্দা বিভিন্ন ভূইফোড় মিডিয়া ব্যবহার করে পরিষদের স্বাভাবিক কাজকর্মে প্রতিবন্ধকতা সৃষ্টি করার চেষ্টা করছে মর্মে সদস্যদের অবহিত করেন।। এ বিষয়ে সকল সদস্যদের দৃষ্টি রাখার জন্য তিনি অনুরোধ জানান।<br><br>এরপর প্রেসিডেন্ট সেক্রেটোরী মহোদয়কে মূল আলোচ্যসূচীতে যাওয়ার জন্য অনুরোধ করেন। | সকল ইসি সদস্যবৃন্দ<br><br>সংশ্লিষ্ট কমিটি |
| **আলোচ্যসূচি- ০৩ ঃ নির্বাহী কমিটির ১০ম সভার কার্যবিবরণী অনুমোদন**<br><br>পরিষদ নির্বাহী কমিটির সেক্রেটারী মহোদয় ১০ম সভার কার্যবিবরণী অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সেক্রেটারী ১০ম সভার আলোচিত বিভিন্ন গুরুত্বপূর্ণ আলোচ্যসূচির উপর আলোকপাত করেন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে সকলকে অবগত করেন। পরিশেষে, উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য এয়ার কমডোর এসএমজি ইয়াজদানী, পিএসসি, পিএইচডি (অবসরপ্রাপ্ত), সদস্য ইসি প্রস্তাব করেন এবং কর্নেল জয়নুল আবেদীন (অবসরপ্রাপ্ত), সদস্য, ইসি তা সমর্থন করেন। ১০ম ইসি সভার কার্যবিবরনী অনুমোদিত হলো। | সকল ইসি সদস্যবৃন্দ |
| **আলোচ্যসূচি- ০৪ ঃ ইসি কর্তৃক জুন ২০২৬ মাসের আর্থিক খরচের অনুমোদন**<br><br>বারিধারা ডিওএইচএস পরিষদের জুন ২০২৬ মাসের আর্থিক খরচের বিষয়টি ট্রেজারার গ্রুপ ক্যাপ্টেন এস এম এ খালেদ, এনডিইউ, পিএসসি (অবসরপ্রাপ্ত) কর্তৃক ইসিতে অনুমোদনের জন্য উপস্থাপন করা হয় এবং ব্যালেন্সশীট সম্পর্কে বিস্তারিতভাবে সকলকে অবহিত করা হয়। উক্ত আর্থিক খরচে কোন ধরণের পর্যবেক্ষন না থাকায় অনুমোদনের জন্য ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি, বিএন (অবসরপ্রাপ্ত), মেম্বার এ্যাডমিন প্রস্তাব করেন যা কর্নেল মোহাম্মদ ওয়ালী উল্লাহ (অবসরপ্রাপ্ত), ভাইস প্রেসিডেন্ট সমর্থন করেন। ফলে জুন ২০২৬ মাসের আর্থিক খরচ ইসি কর্তৃক অনুমোদিত হয়। | সকল ইসি সদস্যবৃন্দ |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ০৫ ঃ To bring little change in traffic system. Vehicles moving from DOHS toward Gulshan through Anannya gate and entering through the same gate need to have stickers. EC members to discuss and take decision.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, এই মর্মে সিদ্ধান্ত হয় যে, বাইরে যানবাহন সরাসরি ডিওএইচএস এর মধ্য দিয়ে চলাচল বন্ধ করার জন্য ট্রাফিক সিষ্টেমে সামান্য পরিবর্তন আনা প্রয়োজন। গুলশানের দিকে যাওয়ার সময় বা ঐদিক থেকে প্রবেশের সময় স্টিকারবিহীন যাহবাহন অনন্যা গেট দিয়ে প্রবেশ বা বের হতে পারবেনা। অতিথিরা প্রবেশ/বাহিরের জন্য স্কুল গেট ব্যবহার করবেন। প্লট/ফ্লাট মালিক ও ভাড়াটিয়াগণ অতিথিদের অন্যন্যা গেট দিয়ে বের হওয়ার জন্য পরিষদ থেকে একদিনের জন্য ব্যবহৃত কুপন সংগ্রহ করে অতিথিকে ব্যবহারের জন্য দিতে পারেন। সে সকল ফ্ল্যাট মালিক ও ভাড়াটিয়ার কোন গাড়ী/যানবাহন নেই তারা উবার/সিএনজি ব্যবহারের জন্য পরিষদ হতে আইডি কার্ড সংগ্রহ করতে পারবেন এবং নিরাপত্তা প্রহরীকে দেখিয়ে অনন্যা গেট দিয়ে প্রবেশ ও বের হতে পারবেন। এ ব্যাপারে এসএমএস এর মাধ্যমে সকলকে অবহিত করা হবে। | সেক্রেটারী ও মেম্বার সিকিউরিটি |
| **আলোচ্যসূচি- ০৬ ঃ Basketball ground is not in usable condition. After heavy rain fall and due to stagnant water, condition has been further deteriorated. Needs immediate repair.**<br><br>**সিদ্ধান্ত ঃ** কয়েকদিন আগে অতিবৃষ্টির কারনে বাস্কেটবল গ্রাউন্ডটি ক্ষতিগ্রস্থ হয়। তাই খেলার উপযোগী করার জন্য জরুরী ভিত্তিতে মেরামত করার সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি (অবসরপ্রাপ্ত) এবং মেজর মোঃ জাফরউল্লাহ খান (অবসরপ্রাপ্ত) দ্রুত ব্যবস্থা গ্রহন করবেন। | ক্যাপ্টেন এম এম আজিজ, পিএসসি (অবসরপ্রাপ্ত) মেজর মোঃ জাফরউল্লাহ খান (অবসরপ্রাপ্ত) |
| **আলোচ্যসূচি- ০৭ ঃ বারিধারা ডিওএইচএস ফিটনেস সেন্টার সম্প্রসারণের ব্যাপারে কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তের অনুমোদন।**<br><br>**সিদ্ধান্ত ঃ** ব্রিগেঃ জেনাঃ এম মফিজুর রহমান, পিএসসি, পি ইঞ্জি, সিএমসি (অবসরপ্রাপ্ত), সদস্য ইসি এবং সভাপতি ফিটনেস সেন্টার সম্প্রসারণ কমিটি এ ব্যাপারে বিস্তারিত তুলে ধরে সকল ইসি সদস্যকে জ্ঞাত করেন। পরিষদ প্রেসিডেন্ট সম্প্রসারণ কাজ ৩১ ডিসেম্বর ২০২৬ এর মধ্যে সম্পন্ন করার জন্য জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য বিনয়ের সাথে অনুরোধ জানান। বিস্তারিত আলোচনার পর ফিটনেস সেন্টার সম্প্রসারণের ব্যাপারে কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সর্ব–সম্মতিক্রমে অনুমোদিত হয়। আগামী পহেলা আগষ্ট ২০২৬ এর মধ্যে সকল শর্তসমূহ অর্ন্তভূক্ত করে চুক্তিনামা প্রস্তুত ও তা কার্যকর করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী ও সংশ্লিষ্ট কমিটি |
| **আলোচ্যসূচি- ০৮ ঃ অফিস এ্যাসোসিয়েট মোঃ আল-আমিন এবং এ্যাডমিন সুপারভাইজার ল্যান্স কর্পোঃ মোঃ সামসুল আলম এর পরবর্তী পদে পদোন্নতির অনুমোদন।**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনা শেষে, কাজের দক্ষতা ও অভিজ্ঞতা বিবেচনা করে মোঃ আল-আমিন কে সিনিয়র অফিস এ্যাসোসিয়েট এবং ল্যান্স কর্পোঃ মোঃ সামসুল আলমকে চীফ এ্যাডমিন সুপারভাইজার পদে পদোন্নতির বিষয়টি সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। উক্ত পদোন্নতি আগামী ০১ আগষ্ট ২০২৬ থেকে কার্যকর হবে। | সেক্রেটারী ও ট্রেজারার |
| **আলোচ্যসূচি- ০৯ ঃ পরিষদে কর্মরত স্টাফদের প্রদানকৃত গ্রাচুইটি (পারিতোষিক) এবং প্রভিডেন্ট ফান্ড নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার পর গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী ১০ বছর সম্পন্ন হওয়ার পরে প্রতি বছরের জন্য ১ মাসের বেতন হিসেবে গ্রাচুইটি (পারিতোষিক) পরিষদ কর্মকতা/কর্মচারিদের প্রদান করা হবে এবং প্রভিডেন্ট ফান্ড এর জন্য বাধ্যতামূলক ৫০০ নূন্যতম টাকা কর্তন করে ডিপিএস খোলার প্রস্তাব সর্ব-সম্মতিক্রমে অনুমোদিত হয়। তবে কেউ ইচ্ছা পোষণ করলে ৫০০/- টাকার বেশিও বিনিয়োগ করতে পারবেন। | ট্রেজারার |

| | |
|---|---|
| **আলোচ্যসূচি- ১০ ঃ Discussion about Speed breaker at the entrance of the roads.**<br><br>**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনার পর এই মত প্রকাশ করা হয় যে, স্পীড ব্রেকার তৈরী করা হলে সমস্যার সৃষ্টি হতে পারে, তাই বিষয়টি অনুমোদিত হয়নি। তবে সকল রোডের মাথায় **stop** লেখাসহ রোড মার্কিং করার সিদ্ধান্ত গৃহিত হয় যা শীঘ্রই বাস্তবায়িত হবে। | মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ১১ ঃ Discussion on 'No parking' signs are placed besides many houses which create obstruction in transport movements.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার পর যে সকল বাড়ীর সামনে 'পার্কিং নিষেধ' লিখা ডিভাইডার আছে তা অপসারণের সিদ্ধান্ত গৃহিত হয় তবে ১৩নং রোডের উভয় পাশের জন্য এ নির্দেশ শিথীলযোগ্য। এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | মেম্বার সিকিউরিটি |
| **আলোচ্যসূচি- ১২ ঃ Discussion on Sy Guards deployed for traffic control needs more training.**<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার করার পর ট্রাফিক ম্যানেজমেন্ট যে সকল নিরাপত্তা প্রহরী নিয়োজিত আছে তাদের সকলকে ট্রেনিং দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। এ ব্যাপারে মেম্বার সিকিউরিটি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। প্রশিক্ষন শেষে দায়িত্ব পালন কালে ট্রাফিক নিয়ন্ত্রনের পোশাক পরিধান করবেন। | মেম্বার সিকিউরিটি |
| **আলোচ্যসূচি- ১৩ ঃ বারিধারা ডিওএইচএস জামে মসজিদের পশ্চিম পার্শ্বের বাউন্ডারী ওয়ালের প্লাষ্টার ছুটানো ও নতুন প্লাষ্টার করা এবং টাইলস্ স্থাপন করা প্রসংগে- মেম্বার এ্যাডমিন**।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার করার পর বারিধারা ডিওএইচএস জামে মসজিদের পশ্চিম পার্শ্বের বাউন্ডারী ওয়ালের প্লাষ্টার ছুটানো ও নতুন প্লাষ্টার করা এবং টাইলস্ স্থাপন করার বিষয়টি সর্ব-সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়। তবে কাজটি টেন্ডারের মাধ্যমে সম্পন্ন করা হবে বলে জানানো হয়। এ ব্যাপারে মেম্বার এ্যাডমিন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ১৪ ঃ ইর্স্টাণ রোডের পশ্চিম পাশ দিয়ে ১টি পায়ে চলা রাস্তা/ফুটপাত নির্মাণের প্রস্তাব- Air Cdre SMG Yazdani, psc, PhD.**<br><br>**সিদ্ধান্ত ঃ** ইর্স্টাণ রোডের পশ্চিম পাশ দিয়ে ১টি পায়ে চলা রাস্তা/ফুটপাত নির্মাণের প্রস্তাবটি খুবই সময়োপযোগী উদ্যোগ হিসেবে বিবেচিত হয়। ইসি সদস্যগণ সরজমিনে প্রস্তাবিত এলাকাটি পরিদর্শন করে সম্ভব্যতা যাচাই করবেন। আসন্ন বার্ষিক সাধারণ (এজিএম-২০২৬) সভাতে উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি- ১৫ ঃ বাইপাস রোডে ডিভাইডার স্থাপন, ড্রেইন, রাস্তা ও ফুটপাতে আগাছার প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়া এবং কনভেনশন সেন্টারের সম্মুখে লন উঁচু করন নিয়ে আলোচনা- Capt M Omar Faruque (G) psc, BN**<br><br>**সিদ্ধান্ত ঃ** এ ব্যাপারে কার্যক্রম চলমান আছে এবং এ বিষয়ে মেম্বার এ্যাডমিন অতিরিক্ত ব্যবস্থা গ্রহন করবেন বলে সিদ্ধান্ত গৃহিত হয়। | মেম্বার এ্যাডমিন |
| **আলোচ্যসূচি- ১৬ ঃ বার্ষিক 'দীপশিখা' মুদ্রন নিয়ে আলোচনা- জয়েন্ট সেক্রেটারী**<br><br>**সিদ্ধান্ত ঃ** সভায় বিষয়টি অনুমোদিত হয়নি। পূর্বের সিদ্ধান্ত বহাল থাকবে। | |
| **আলোচ্যসূচি- ১৭ ঃ Any other business**<br><br>১। **রিক্সার টেন্ডার প্রসংগে ঃ** বারিধারা ডিওএইচএস এলাকায় ০১ সেপ্টেম্বর ২০২৬ হতে ৩১ আগষ্ট ২০২৭ পর্যন্ত সময়ের রিক্সা চলাচলের জন্য দরপত্র আহবান করা হয়। উক্ত দরপত্রের প্রেক্ষিতে গঠিত বোর্ডের সদস্যগণ কর্তৃক ২০ জুলাই ২০২৬ তারিখে বেলা ১১০০ ঘটিকার দরপত্র প্রদানকারীদের উপস্থিতিতে দরপত্র | |

| | |
|---|---|
| খোলা হয় (কপি সংযুক্ত)। এ প্রসঙ্গে প্রদত্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ৬ জন রিক্সা ঠিকাদার দরপত্র ক্রয় করেন এবং ৬ জন রিক্সা ঠিকাদার দরপত্র জমা করেন। গঠিত কমিটি ০৬ জনকে ৪৫টি রিক্সার কটি করে মোট ২৭০টি রিক্সার কটি দেয়ার সুপারিশ করেন। রিক্সা ঠিকাদারদের অনাপত্তি সাপেক্ষে আরও ৩০টি রিক্সা চালানোর ব্যাপারে প্রেসিডেন্ট আগ্রহ প্রকাশ করেন।<br><br>**সিদ্ধান্ত ঃ** বিস্তারিত আলোচনার পর ০৬ জন রিক্সা ঠিকাদারকে ৫০ টি করে মোট ৩০০টি রিক্সার কোটি প্রদানের প্রস্তাব সর্ব-সম্মতিক্রমে গৃহিত হয়। কমিটির অন্যান্য সুপারিশ চুক্তিপত্রে সংযোজন করা হবে। | সেক্রেটারী ও মেম্বার এ্যাডমিন |
| ২। **সিসিটিভি ফুটেজ দেখার ফি প্রসংগেঃ** কোন প্লট/ফ্ল্যাট মালিক থেকে সিসিটিভি ফুটেজ দেখার ফি না নেওয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। তবে ভাড়াটিয়া ও অন্যান্যদের জন্য পূর্বের পলিসি অনুযায়ী ফি নেয়া হবে। | কনভেনার, আইটি সাব-কমিটি |
| ৩। বাংলাদেশ সরকার কর্তৃক বিদ্যুৎ বিল প্রায় ২০% বৃদ্ধি করা হয়েছে। বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার ব্যবহারকারীদের জন্য সর্ব-সম্মতিক্রমে নিম্নবর্ণিতভাবে ইউটিলি চার্জ নির্ধারন করা হলো যা আগষ্ট ২০২৬ থেকে কার্যকর হবে ঃ<br><br>ক। সকল ক্যাটাগরির জন্য কুশিয়ারা - হল ২টির জন্য এর ইউটিলিটি চার্জ ৭,০০০/- টাকার পরিবর্তে ৮,৫০০/- টাকা করা হলো।<br>খ। সকল ক্যাটাগরির জন্য নাম এর ইউটিলিটি চার্জ ১০,০০০/- টাকার পরিবর্তে ১২,০০০/- টাকা করা হলো। | কনভেনার, কনভেনশন সেন্টার |
| ৪। বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের নীচে অবস্থিত মসজিদে অস্থায়ী ঈমাম জাহাঙ্গীর বাবুকে স্থায়ীভাবে নিয়োগের সিদ্ধান্ত গৃহিত হয়। উল্লেখ্য তার বেতন-ভাতা ১৩ তম গ্রেডে ইমাম (কনভেনশন সেন্টার) হিসাবে ধার্য করা হবে যা আগামী ০১ আগষ্ট ২০২৬ থেকে কার্যকর হবে। | কনভেনার, কনভেনশন সেন্টার |
| **আলোচ্যসূচি-১৮ঃ পরবর্তী নির্বাহী কমিটির সভা ঃ** আগামী ২২ আগষ্ট ২০২৬ (শনিবার), সন্ধ্যা ১৯৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | সেক্রেটারী |
| **আলোচ্যসূচি - ১৯ ঃ প্রেসিডেন্ট এর সমাপনী বক্তব্য ঃ** সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রেসিডেন্ট নির্বাহী কমিটির সকল সদস্যদেরকে সভায় কার্যক্রমে স্বতঃস্ফুর্তভাবে অংশ গ্রহণ ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহনে ইতিবাচক ভূমিকা রাখায় পুনরায় আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে এবং সকলের সুস্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন। | |

ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবসরপ্রাপ্ত)
সেক্রেটারী
০৮ আগষ্ট ২০২৬

**অনুমোদনক্রমে-**

কর্নেল এম আব্দুল হাই (অবসরপ্রাপ্ত)
প্রেসিডেন্ট
০৮ আগষ্ট ২০২৬

**কার্যক্রম ঃ**

সম্মানিত নির্বাহী কমিটির সদস্যবৃন্দ
হিসাব শাখা
কনভেনশন সেন্টার শাখা